গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ
বাজেট-১ অনুবিভাগ
বাজেট-২ শাখা
www.mof.gov.bd

স্মারক নং-০৭.০০.০০০০.১০২.২০.০০১.২৩-৫৬২

তারিখ: ০৬ জ্যৈষ্ঠ ১৪৩৩ / ২০ মে ২০২৬

পরিপত্র

বিষয়: **চলতি ২০২৫-২৬ অর্থবছরে পরিচালন ও উন্নয়ন বাজেটের আওতায় অর্থ অবমুক্তি, ব্যয় বিল দাখিল ও চেক/EFT ইস্যুর সর্বশেষ তারিখ নির্ধারণ।**

অর্থবছরের শেষদিকে বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ/অধিদপ্তর/দপ্তর/সংস্থা কর্তৃক দাখিলকৃত নিয়মিত বিল ও ফেরত বিলসমূহের উপর সংশ্লিষ্ট হিসাবরক্ষণ অফিস কর্তৃক পূর্ব-নিরীক্ষার কাজ সুষ্ঠুভাবে সম্পাদনপূর্বক চেক/EFT ইস্যু এবং ইস্যুকৃত চেক/EFT যথাসময়ে নগদায়নের সুবিধার্থে অর্থবছরের শেষে ব্যয় বিল দাখিল, বিল নিষ্পত্তি ও চেক/EFT ইস্যুর ক্ষেত্রে শৃঙ্খলা বজায় রাখা প্রয়োজন। সে উদ্দেশ্যে চলতি ২০২৫-২৬ অর্থবছরের ব্যয় বিল দাখিল, বিল নিষ্পত্তি ও চেক/EFT ইস্যুর ক্ষেত্রে নিম্নরূপ সময়সীমা নির্ধারণ করা হলো:

| ক্র: নং | বিষয় | নির্ধারিত সময়সীমা |
|---|---|---|
| ১. | পরিচালন ও উন্নয়ন বাজেটের আওতায় অর্থ অবমুক্তির (প্রযোজ্য ক্ষেত্রে) সময়সীমা | ১৫ জুন ২০২৬ |
| ২. | পরিচালন ও উন্নয়ন উভয় খাতে নতুন ব্যয় বিল দাখিলের সর্বশেষ তারিখ | ২২ জুন ২০২৬ |
| ৩. | পরিচালন ও উন্নয়ন উভয় খাতে ফেরত বিল দাখিলের সর্বশেষ তারিখ | ২৪ জুন ২০২৬ |
| ৪. | পরিচালন ও উন্নয়ন উভয় বাজেটের আওতায় বিল নিষ্পত্তি ও চেক ইস্যুর সর্বশেষ তারিখ | ২৫ জুন ২০২৬ |
| ৫. | বাজেট বরাদ্দের আওতায় বিদেশ হতে পণ্য ইত্যাদি আমদানির ক্ষেত্রে সংশ্লিষ্ট আমদানি ও মূল্য পরিশোধের সর্বশেষ তারিখ | ২৫ জুন ২০২৬ |
| ৬. | যেসব ক্ষেত্রে ৩০ জুন ২০২৬ তারিখের মধ্যে আমদানি ও মূল্য পরিশোধের প্রক্রিয়া সম্পন্ন করা যাবে না সেক্ষেত্রে অসুবিধার কারণ, চলতি অর্থবছরে স্থাপিত এলসি'র বিপরীতে আগামী অর্থবছরে পরিশোধযোগ্য অর্থের পরিমাণ প্রভৃতি বিস্তারিতভাবে উল্লেখপূর্বক স্বয়ংসম্পূর্ণ প্রতিবেদন অর্থ বিভাগে প্রেরণের সর্বশেষ তারিখ | ১৮ জুন ২০২৬ |
| ৭. | বাজেট বরাদ্দের বিপরীতে বাংলাদেশ ব্যাংক কর্তৃক কোন আমদানি এলসি স্থাপন কিংবা নিষ্পত্তির সর্বশেষ তারিখ | ২৫ জুন ২০২৬ |

২। সকল প্রকার বেতন-ভাতা সংক্রান্ত বিল এ সময়সীমার আওতামুক্ত থাকবে।

৩। বিষয়টি অত্যন্ত গুরুত্বপূর্ণ এবং আর্থিক শৃঙ্খলা সংশ্লিষ্ট বিধায় অবশ্য পালনীয়।

ডিসিজিএ/প্রশাসন-১
ডাইরী নং............তারিখ..............
সুপার/এএন্ডএও/এসিজিএ/প্রশা:-১/এসিআর : অতি জরুরী। : ............দিনের মধ্যে মন্তব্য দিন। : পরীক্ষা করে মতামত দিন। : প্রয়োজনীয় ব্যবস্থা নিন। : পৃষ্ঠাংকন করুন। : নথিভুক্ত করুন।

২০/০৫/২০২৬
(মোহাম্মদ ফারুক-উজ-জামান)
যুগ্মসচিব (বাজেট-১)
ফোন: ০২-২২৩৩৫৬০৪৩

**বিতরণ: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

০১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২. মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, পুরাতন সংসদ ভবন, তেজগাঁও, ঢাকা।
০৩. বাংলাদেশের মহা-হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, মহা-হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রকের কার্যালয়, অডিট ভবন, ৭৭/৭, কাকরাইল, ঢাকা।
০৪. গভর্নর, বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, মতিঝিল বা/এ, ঢাকা।
০৫. সিনিয়র সচিব/সচিব.......................................................................(সকল)।
০৬. হিসাব মহানিয়ন্ত্রক, বাংলাদেশ, সিজিএ ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
০৭. কন্ট্রোলার জেনারেল, ডিফেন্স ফাইন্যান্স, বাংলাদেশ, সেগুনবাগিচা, ঢাকা।
০৮. অতিরিক্ত মহা-পরিচালক (অর্থ), বাংলাদেশ রেলওয়ে, রেলভবন, আব্দুল গনি রোড, ঢাকা।
০৯. বিভাগীয় কমিশনার, .......................................................................(সকল)।
১০. রেজিস্ট্রার, বাংলাদেশ সুপ্রীমকোর্ট, ঢাকা।
১১. মহাপরিচালক, ..........................................................অডিট অধিদপ্তর (সকল)।

অপর পৃষ্ঠায় দ্রষ্টব্য

CamScanner

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা হিসাবরক্ষণ অফিসারের কার্যালয়
হরিণাকুন্ডু, ঝিনাইদহ।

স্মারক নং-০৭.০৩.৪৪১১.১০০.৩৯.০০৯.২৬-১৪২(৩২) তারিখঃ-০১/০৬/২০২৬খ্রিঃ।

বরাবর
উপজেলা সকল DDO
হরিণাকুন্ডু, ঝিনাইদহ।

**বিষয়: পূর্ব-নিরীক্ষা (Pre-Audit)কার্যক্রম যথাযথভাবে সম্পন্ন করার জন্য ২০২৫-২০২৬ অর্থবছরের বিল দাখিল প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ের প্রতি সদয় দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে যে, প্রত্যেক অর্থবছরের শেষে মন্ত্রণালয়/বিভাগ/অধিদপ্তর/ দপ্তর কর্তৃক প্রচুর পরিমাণে বিল হিসাবরক্ষণ অফিসে দাখিল করা হয়। এতে কম্পিউটারাইজড সিস্টেমে তথা iBAS++ এ বিল/চেক এন্ট্রি করার সময় সিস্টেমের গতি Slow হওয়ার পাশাপাশি সীমিত সংখ্যক জনবল দিয়ে বিদ্যমান আর্থিক বিধি-বিধান এর আলোকে দ্রুততম সময়ে যথাযথভাবে পূর্ব-নিরীক্ষার কাজ সম্পন্ন করে চেক ইস্যু/নিষ্পত্তি করতে জটিলতার সৃষ্টি হয় এবং হিসাবরক্ষণ অফিসের নানাবিধ সমস্যার সম্মুখীন হতে হয়। অধিকন্তু Pre-Audit যথাযথভাবে সমাধান করা এবং আর্থিক শৃংখলা রক্ষার লক্ষ্যে প্রয়োজনীয় নিরীক্ষার জন্য কিছু সময় অত্যাবশ্যক। এ ছাড়া iBAS++ সিস্টেমে ২৫ জুন মধ্যরাতে ১২.০০ ঘটিকায় স্বয়ংক্রিয়ভাবে বন্ধ হয়ে যাওয়ার কারণে এবং হিসাবরক্ষণ অফিসের সিটিজেন চার্টারে বর্ণিত বিল পাশের নির্ধারিত সময়সীমা অনুসরণ পূর্বক জুন মাসের শেষ প্রান্তিকে গৃহীত বিলসমূহ পূর্ব-নিরীক্ষা করে চেক ইস্যু বা নিষ্পত্তি করা সম্ভব না হওয়ার মত অনভিপ্রেত ঘটনা ঘটার আশংকা থাকে।

২। উপরোক্ত অবস্থার প্রেক্ষিতে ২০২৫-২০২৬ অর্থ বছরের আপনার মন্ত্রণালয়/বিভাগ/অধিদপ্তর/দপ্তর কর্তৃক অর্থবছরের শেষ সময়ে অনেক বেশি বিল দাখিল না করে এর আগেই হিসাবরক্ষণ অফিসে বিল দাখিল করার জন্য সংশ্লিষ্ট সকল ডিডিও-কে বিল প্রদানের জন্য বিশেষভাবে অনুরোধ করা যাচ্ছে।

৩। উল্লেখ্য যে, হিসাবরক্ষণ অফিসসমূহে iBAS এর উন্নততর ভার্সন iBAS++ চালু করা হয়েছে। উক্ত ভার্সনটি সম্পূর্ণ ইন্টারনেট ভিত্তিক হওয়ায় সার্বক্ষণিক বিদ্যুৎ ও ইন্টারনেট ব্যতীত চালু রাখা সম্ভব হয় না। তাই বিষয়টি অধিকতর গুরুত্বের সাথে বিবেচনা করে পর্যাপ্ত সময় রেখে বিলসমূহ হিসাবরক্ষণ অফিসে প্রেরণের জন্য বিশেষভাবে অনুরোধ করা যাচ্ছে।

৪। এ বিষয়ে মন্ত্রণালয়/বিভাগের সহযোগিতা ও মন্তব্য/পরামর্শ হিসাবরক্ষণ অফিসের জন্য সহায়ক হবে।

মোঃ আমিনুল ইসলাম
উপজেলা হিসাবরক্ষণ অফিসার
হরিণাকুন্ডু,ঝিনাইদহ।